

💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ জুম'আ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জুমআর নামায ও তার সুন্নতী কিরাআত

জুমআর নামায ফরয ২ রাকআত। এতে কিরাআত হবে জেহরী। এ নামাযে সূরা ফাতিহার পর যে কোন সূরা বা আয়াত যথানিয়মে পড়া যায়। তবুও সুন্নত হল, প্রথম রাকআতে সূরা জুমুআহ (সম্পূর্ণ) এবং দ্বিতীয় রাকআতে সূরা মুনাফিকূন (সম্পূর্ণ) পাঠ করা। (আহমাদ, মুসনাদ, মুসলিম, আবৃদাউদ, সুনান, তিরমিয়ী, সুনান, ইবনে মাজাহ্, সুনান) অথবা প্রথম রাকআতে সূরা জুমুআহ (সম্পূর্ণ) এবং দ্বিতীয় রাকআতে সূরা গাশিয়াহ্ পাঠ করা। (আহমাদ, মুসনাদ, মুসলিম, আবৃদাউদ, সুনান, তিরমিয়ী, সুনান, ইবনে মাজাহ্, সুনান) অথবা প্রথম রাকআতে সূরা আ'লা এবং দ্বিতীয় রাকআতে সূরা গাশিয়াহ্ পাঠ করা। (আহমাদ, মুসনাদ, মুসলিম, আবৃদাউদ, সুনান, তিরমিয়ী, সুনান, ইবনে মাজাহ্, সুনান)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2983

<u>§</u> হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন